দৈনিক জনকণ্ঠ

২২/৯/২০০০

তারিখ ........
পৃষ্ঠা ...১২... কলাম ...৪...

# প্রজ্ঞাপন জারি করে শেষ মুহূর্তে প্রত্যাহারের নিন্দা জানিয়েছে শিক্ষক কর্মচারী ঐক্যজোট

সরকারের মেয়াদ শেষ হবার ঠিক আগেভাগে প্রায় ৩০ হাজার বেসরকারী শিক্ষকের রুটি-রুজির ওপর আঘাত হানার তীব্র নিন্দা জানিয়েছে শিক্ষক-কর্মচারী ঐক্যজোট। তৃতীয় বিভাগধারী এসব শিক্ষককে এমপিওভুক্ত করার প্রজ্ঞাপন জারি করে মেয়াদের শেষ মুহূর্তে তা প্রত্যাহার করায় ঐক্যজোট নেতৃবৃন্দ শিক্ষামন্ত্রীর কঠোর সমালোচনা করেছেন। জোটের

(১২-এর পাতার পর) **প্রজ্ঞাপন জারি করে**

প্রধান সমন্বয়কারী অধ্যক্ষ এম শরীফুল ইসলাম, সমন্বয়কারী মোঃ সেলিম ভূইয়া, আহ্বায়ক কাজী আব্দুর রাজ্জাক ও মাওলানা এমএ লতিফ, যুগ্ম আহ্বায়ক অধ্যক্ষ মাজহারুল হান্নান ও শফিকুল আলম এক যৌথ বিবৃতিতে বুধবার বলেন, শেষ পর্যন্ত শিক্ষামন্ত্রী তাঁর জিদ বজায় রাখলেন। শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের তীব্র আন্দোলনের মুখে তিনি ২৪ আগস্টের পূর্বে নিয়োগপ্রাপ্ত তৃতীয় বিভাগধারী শিক্ষকদের এমপিওভুক্ত করার জন্য গত ৭ ফেব্রুয়ারি প্রজ্ঞাপন জারি করেন। গত মে মাসের এমপিওতে তাদের তালিকাভুক্ত করার প্রক্রিয়া সম্পন্ন হলেও শিক্ষামন্ত্রীর মৌখিক নির্দেশে তাদের নাম আবারও বাদ দেয়া হয়েছে। এর জবাব মন্ত্রী মাঠে পাবেন বলে শিক্ষক নেতৃবৃন্দ উল্লেখ করেন। -বিজ্ঞপ্তি